

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

প্রশাসন-৩ অধিশাখা

www.emrd.gov.bd

**জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা সংক্রান্ত চতুর্থ প্রান্তিকের অংশীজনের  
সভার কার্যবিবরণী।**

সভাপতি	:	জনাব মোঃ আজিজুল ইসলাম অতিরিক্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
তারিখ	:	০১ জুলাই, ২০২১
সময়	:	বেলা ১২:০০ টা
স্থান	:	অনলাইন সিস্টেম।
উপস্থিত সদস্য	:	রেকর্ডেড।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের উপসচিব (প্রশাসন-৩) মোল্লা মিজানুর রহমান আলোচ্যসূচি অনুযায়ী সভায় বিভিন্ন বিষয় উপস্থাপন করেন। তিনি সভায় অবহিত করেন যে, শুদ্ধাচার কর্ম পরিকল্পনার অন্তর্ভুক্ত কার্যক্রমসমূহের মধ্যে প্রকল্প পরিদর্শন সংক্রান্ত কার্যক্রম করোনা পরিস্থিতির কারণে যথাযথভাবে সম্পন্ন করা সম্ভব হয়নি। সভাপতি প্রকল্প পরিদর্শনের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে লক্ষ্যমাত্রা অনুযায়ী সম্পন্ন করার বিষয়ে সচেষ্ট থাকার নির্দেশনা প্রদান করেন।

০২। উপসচিব (প্রশাসন-৩) সভায় আরও উল্লেখ করেন সচিবালয় নির্দেশমালা-২০১৪ অনুযায়ী এ বিভাগসহ প্রতিটি দপ্তর/সংস্থা/অধিদপ্তর/পরিদপ্তরসমূহ আবশ্যিকভাবে শাখা/অধিশাখা পরিদর্শনের বাধ্যবাধকতা রয়েছে। তাছাড়া এ বিভাগের ২০২০-২১ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় তা অন্তর্ভুক্ত করা হয়েছে। সে অনুসারে এ বিভাগসহ প্রতিটি দপ্তর/সংস্থা/অধিদপ্তর/পরিদপ্তর তাদের নিজ নিজ শাখা/অধিশাখা পরিদর্শন করবে এবং এ বিভাগে পরিদর্শন প্রতিবেদন প্রেরণ করবে। সভায় আরও জানানো হয় যে, ২০২০-২১ অর্থ-বছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের ৪র্থ প্রান্তিকে এ বিভাগের ১৫টি শাখা/অধিশাখা পরিদর্শনের লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিলো। ইতোমধ্যে ১০টি শাখা/অধিশাখা পরিদর্শন প্রতিবেদন পাওয়া গিয়েছে। অবশিষ্ট ৫টি শাখা/অধিশাখা পরিদর্শন প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যেই পাওয়া যাবে।

৩। সভাপতি লিংকে সংযুক্ত সকলের উদ্দেশ্যে বলেন যে, ইতোমধ্যে ২০২০-২১ অর্থ-বছরের শুদ্ধাচার পরিকল্পনা বাস্তবায়নের ৪র্থ প্রান্তিকের সময়সীমা অতিক্রান্ত হয়েছে। ৪র্থ প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন জরুরী ভিত্তিতে এ বিভাগে প্রেরণ করতে হবে। তাছাড়া, জাতীয় শুদ্ধাচার পরিকল্পনার ২০২১-২২ এর চূড়ান্ত কপি এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন।

৪। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক) শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত থাকায় প্রতিটি প্রকল্প পরিদর্শন সংক্রান্ত প্রতিবেদনের অনুলিপি প্রশাসন-৩ অধিশাখায় প্রেরণ করতে হবে এবং এ বিভাগের আওতাধীন দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থা তাদের প্রতিষ্ঠানের শাখা/অধিশাখা পরিদর্শনের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে;

খ) শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত অধিশাখা/শাখা পরিদর্শনের লক্ষ্যমাত্রা (চতুর্থ কোয়ার্টারের ১৫টি) অর্জনের নিমিত্ত এ বিভাগের কর্মকর্তাগণ কর্তৃক অধিশাখা/শাখা পরিদর্শনপূর্বক প্রতিবেদনের অনুলিপি প্রশাসন-৩ অধিশাখায় প্রেরণ করতে হবে;

গ) এ বিভাগের আওতাধীন প্রতিটি দপ্তর/সংস্থা/অধিদপ্তর/পরিদপ্তরসমূহ তাদের নিজ নিজ শাখা/অধিশাখা পরিদর্শন করবে এবং যদি শাখা/অধিশাখা পরিদর্শন কর্মপরিকল্পনার অন্তর্ভুক্ত থাকে। তবে প্রমানক হিসাবে পরিদর্শন প্রতিবেদন এ বিভাগে প্রেরণ করতে হবে;

ঘ) ২০২০-২১ অর্থ-বছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের ৪র্থ প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন এ বিভাগে প্রেরণ করতে হবে; এবং

ঙ) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২০২১-২২ এর চূড়ান্ত কপি জরুরী ভিত্তিতে এ বিভাগে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৫। অতঃপর আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-

০১/০৭/২০২১

(মোঃ আজিজুল ইসলাম)

অতিরিক্ত সচিব

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ